


## 🗏 আল-ইনশিরাহ | Ash-Sharh | الشَّرْح

আয়াতঃ ৯৪:৩

💵 আরবি মূল আয়াত:



## 

যা তোমার পিঠ ভেঙ্গে দিচ্ছিল। — আল-বায়ান

যা **তোমার কোমরকে ভেঙ্গে দিচ্ছিল।** — তাইসিরুল

যা তোমার পৃষ্ঠকে অবনমিত করেছিল; — মুজিবুর রহমান

Which had weighed upon your back — Sahih International

## ৩. যা আপনার পিঠ ভেঙ্গে দিচ্ছিল।(১)

وزر (১) وزر এর শান্দিক অর্থ বোঝা, আর نقض ظهر এর শান্দিক অর্থ কোমর বা পিঠ ভারী করে দেয়া। অর্থাৎ কোমরকে নুইয়ে দেয়া। কোন বড় বোঝা কারও মাথায় তুলে দিলে যেমন তার কোমর নুয়ে পড়ে, তেমনি আয়াতে বলা হয়েছে যে, যে বোঝা আপনার কোমরকে নুইয়ে দিয়েছিল, আমরা তাকে আপনার উপর থেকে অপসারিত করে দিয়েছি। সে বোঝা কি ছিল, তার ব্যাখ্যায় কোন কোন তাফসীরবিদ বলেছেন যে, নবুওয়তের গুরুভার তার অন্তর থেকে সরিয়ে দেয়া ও তা সহজ করে দেয়ার সুসংবাদ এ আয়াতে ব্যক্ত হয়েছে। [আদ্ওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

## ৩। যা তোমার পিঠকে করে রেখেছিল ভারাক্রান্ত।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6093

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন